



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

8 May 2026

7:35 AM IST

নির্বাচন কমিশন আসাম সহ বিধানসভা নির্বাচন সম্পন্ন হোয়া অন্যান্য রাজ্যগুলি থেকে নির্বাচনী আদর্শ আচরণবিধি প্রত্যাহার করেছে ।

আসামে বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ সরকার আগামী ১২ ই মে তৃতীয় বারের জন্য শপথ গ্রহণ করবে । ইতিমধ্যে শপথ গ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকীয়া সহ বিজেপি দলের প্রবীন নেতাদের উপস্থিতিতে গুয়াহাটী বশিষ্ঠর অটল বিহারী বাজপেয়ী ভবনে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকের পর সাংবাদিকদের সংগে কথা বলতে গিয়ে রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকীয়া জানান যে আগামী ১২ ই মে খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে নতুন সরকার শপথ গ্রহণ করবে । শ্রীশইকীয়া আরো জানান, শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত

থাকবেন । এছাড়া শপথ গ্রহণ অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , বিজেপির জাতীয় সভাপতি নীতিন নরীন সহ এন ডি এ শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রী , উপ-মুখ্যমন্ত্রীগণ উপস্থিত থাকবেন ।

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে শিলচর তারাপুর রামনগরের এফ সি আই রোডে থাকা আক্রম আলীর বাসগৃহে অভিযান চালিয়ে ইতালিতে নির্মিত নাইন এম এম পিস্তল , পাঁচ রাউন্ড গুলি , একটি চাইনিজ টাইপ গ্রেনেড , কিছু নথি-পত্র এবং একটি মোবাইল ফোন জব্দ করেছে । ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ লেইশ্রম টিকেন মেইতেই এবং মোনালিসা চানু নামের একজন মহিলাকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

এ বিষয়ে কাছাড় পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পল আমাদের সংবাদদাতাকে জানান

-- বাইট --

হাইলাকান্দি শিক্ষা বিভাগের অন্তর্গত ব্লক গোদামে গতকাল সংগঠিত এক অগ্নিকাণ্ডে কয়েক হাজার খাতা , প্রায় এক লক্ষ সেনেটারী প্যাড সহ বিপুল পরিমান সরকারী সামগ্রী পুড়ে ছাই হয়ে যায় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে হাইলাকান্দি শহরের মীন বিভাগের নীচ তলায় থাকা শিক্ষা বিভাগের গোদামে আচমকা আগুন লাগায় মুহূর্তের মধ্যে শিক্ষা সামগ্রী ভস্মীভূত হয়ে যায় । আগুন লাগার কারন জানা না গেলেও শর্ট সার্কিট বলে সন্দেহ করা হচ্ছে । হাইলাকান্দি খন্ড প্রাথমিক শিক্ষা আধিকারীক মনোজ কৈরী জানিয়েছেন যে অগ্নিকাণ্ডে

প্রায় এক লক্ষ সেনেটারী প্যাড , পঞ্চাশ হাজার খাতা এবং সমাজ কল্যান বিভাগের ৭২টি হুইল চেয়ার ক্ষতিগ্রস্ত হয়েছে , যেগুলি আগামীকাল বিতরণের কথা ছিল ।

শ্রীভূমি জেলা প্রশাসন ও জেলা দূর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের যৌথ উদ্যোগে চলতি মরশুমে জেলায় বন্যা সহ অন্যান্য প্রাকৃতিক দূর্যোগ মোকাবিলায় জনস্বার্থে বেশ কিছু পদক্ষেপ গ্রহন করা হয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তী জারী করে জানিয়েছেন যে দূর্যোগকালীন সময়ে উদ্ধার কাজে কোন প্রকারের বিলম্ব বা পরিষেবায় ব্যর্থতা বরদাস্ত করা হবে না । জরুরী পরিস্থিতিতে কোন অজুহাত গ্রহনযোগ্য হবে না বলে বিজ্ঞপ্তিতে সতর্ক করা হয়েছে । পাশাপাশি বন্যা বা প্রাকৃতিক দূর্যোগ পরবর্তী পুনর্বাসন ও ত্রান কার্যে স্বচ্ছতা বজায় রাখার লক্ষে জেলা প্রশাসন থেকে জনসাধারণের অভাব-অভিযোগ সরাসরি শোনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এ বিষয়ে শ্রীভূমি সদর , বদরপুর , নিলাম বাজার , পাথারকান্দি ও রামকৃষ্ণ নগর রাজস্ব চক্রের আধিকারীকদের অবিলম্বে জনসভা করার নির্দেশ দেওয়া হয়েছে ।

শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায়ও আগামীকাল জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা ও দায়রা জজ আদালত প্রাপ্তনে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে জেলা দুটির বিভিন্ন আদালতে বিচারাধীন থাকা আপোষ মিমাংসায়োগ্য দেওয়ানী ও ফৌজদারী মামলাগুলির নিষ্পত্তি করা হবে । এছাড়া জাতীয় লোক আদালতে বিচারাধীন মামলা ছাড়াও মামলা দাখিলের আগে বিভিন্ন বিবাদের নিষ্পত্তি

করা হবে । শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে গতকাল কাটিগড়ার একটি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে পাঠরত একটি শিশুর মর্মান্তিক মৃত্যুর ঘটনায় গভীর শোক প্রকাশ করে ঘটনার উচ্চ পর্যায়ের তদন্তের দাবী জানিয়েছে । দোষীদের সনাক্ত করে উপযুক্ত শাস্তি প্রদান করার দাবী জানিয়েছে ছাত্র সংগঠন ।

লক্ষীপুরের প্রবীন নাগরিক সংস্থা , মনিপুরী ভাষা উন্নয়ন সমিতি , নথারোল খরিরোল সাহিত্য সংস্থা , মনিপুরী সাহিত্য পরিষদের লক্ষীপুর শাখা এবং মনিপুরী মহিলা লেখিকা সংস্থার যৌথ উদ্যোগে আগামীকাল পঁচিশে বৈশাখ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম দিন বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালন করা হবে । এ উপলক্ষ্যে স্থানীয় খরিরোল কমিউনিটি হলে কবিগুরুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী , আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী রবিবার ধলাই বিধানসভা কেন্দ্রের অন্তর্গত দর্মিখালের কল্যানপুর প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

